# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.09.2024                    Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ RG Kar হাসপাতালে কর্তব্যরত PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় সুপ্রিম কোর্টের স্বতঃপ্রণোদিত মামলার শুনানিতে, জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার উপযুক্ত পরিবেশ তৈরীর জন্য রাজ্য সরকারকে পর্যাপ্ত ব্যবস্থা নিতে বলেছে শীর্ষ আদালত।

# এদিকে যতদিন না তাঁদের সব দাবী মেনে নেওয়া হচ্ছে, ততদিন আন্দোলন চলবে বলে জুনিয়ার ডাক্তাররা স্পষ্ট জানিয়েছেন।

২/ কলকাতার নতুন পুলিশ কমিশনার হলেন মনোজ ভার্মা।

# আন্দোলনকারী চিকিৎসকদের দাবী মেনে সরানো হয়েছে, স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকেও।

৩/ RG Kar কান্ডের প্রতিবাদে বিজেপি আজ থেকে সারা রাজ্যে প্রতিবাদ সভা করবে।

৪/ নিম্নচাপের প্রভাবে একটানা বৃষ্টি এবং DVC-র ছাড়া জলে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। # নীচু এলাকা থেকে মানুষজনকে সরিয়ে আনার নির্দেশ।

৫/ সাম্প্রতিক অতিবর্ষণ ও উৎসবের মরসুমকে সামনে রেখে শাক সবজির কৃত্রিম মূল্যবৃদ্ধি আটকাতে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছে।

৬/ মোহনবাগান সুপার জায়ান্ট আজ, AFC চ্যাম্পিয়ান্স লিগের ম্যাচে তাজিকিস্তানের FC রাভেশানের মুখোমুখি হচ্ছে।

*******************************************************************

RG Kar হাসপাতালে কর্তব্যরত PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় সুপ্রিম কোর্টের স্বতঃপ্রণোদিত মামলার শুনানিতে, জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার উপযুক্ত পরিবেশ তৈরীর জন্য রাজ্য সরকারকে পর্যাপ্ত ব্যবস্থা নিতে বলেছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পারদিওয়ালা ও মনোজ মিশ্রের বেঞ্চের গতকাল এই মামলার চতুর্থ শুনানির সময় জুনিয়ার ডাক্তারদের অবিলম্বে কাজে ফেরা নিয়ে রাজ্যের আইনজীবী কপিল সিব্বালের সওয়ালের প্রেক্ষিতে প্রধান বিচারপতি, তাদের আস্থা অর্জনে রাজ্য সরকারের ব্যবস্থা নেওয়ার ওপর জোর দেন। জুনিয়র ডাক্তারদের সংগঠনের আইনজীবী ইন্দিরা জয়সিং এই প্রসঙ্গে চিকিৎসকদের নির্দিষ্ট দাবির উল্লেখ করলে প্রধান বিচারপতি বলেন, এই দাবিগুলি ন্যায় সঙ্গত। এব্যাপারে রাজ্য সরকারকে তিনি ব্যবস্থা নিতে বলেন।

জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতির জেরে চিকিৎসা পরিষেবা ব্যাহত হওয়া নিয়ে রাজ্যের পক্ষ থেকে ভুল তথ্য দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন আইনজীবী ইন্দিরা জয়সিং। তিনি জানান, চিকিৎসক তরুণীর মৃতদেহ যেখানে পাওয়া যায়, সেই অকুস্থলে এমন লোকেদের উপস্থিতি ছিল, যাদের সেখানে থাকার কথা নয়। CBI-কে তারা সেই তালিকা দিতে চান। সন্দেহভাজন সেই সব ব্যক্তির কয়েকজন এখনও আর জি কর-এ ঘুরে বেড়াচ্ছে। ফলে জুনিয়ার ডাক্তাররা কাজে ফিরতে চাইলেও আতঙ্কিতবোধ করছেন। এর জবাবে কপিল সিব্বাল বলেন, জুনিয়ার ডাক্তারদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন, কাজে যোগ দিলে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না। সিনিয়ার ডাক্তারদের সংগঠন জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স-এর তরফে আইনজীবী করুণা নন্দী স্পষ্ট জানান, জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের প্রতি সহমর্মী সিনিয়ার ডাক্তাররা ডাবল শিফ্ট কাজ করছেন। চিকিৎসা পরিষেবা কোথাও ব্যাহত হচ্ছে না।

ওই PGT চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে CBI গতকাল নতুন করে স্টেটাস রিপোর্ট পেশ করে। রিপোর্টটি খুঁটিয়ে দেখার পর প্রধান বিচারপতি বলেন, তাঁরা উদ্বিগ্ন। তদন্ত প্রক্রিয়া খুবই গুরুত্বপূর্ণ অবস্থায় রয়েছে। এই সময়

রিপোর্টের বিষয়বস্তু প্রকাশ্যে এলে তদন্তের কাজ ব্যাহত হতে পারে। চার্জশিট জমা দিতে কতদিন সময় লাগবে তাও জানতে চান তিনি। জুনিয়ার ডাক্তারদের কাজে যোগ দেবার কোন নির্দিষ্ট সময়সীমা স্থির করে দেয়নি সর্বোচ্চ আদালত।

*******************

এদিকে, যত দিন না তাদের সব দাবি মেনে নেওয়া হচ্ছে তত দিন এই আন্দোলন চলবে বলে জুনিয়র ডাক্তাররা স্পষ্ট জানিয়েছেন। আর জি করে তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় গতকাল সুপ্রিম কোর্টে স্বতঃপ্রণোদিত মামলার শুনানির পর তাঁরা জেনেরাল বডি বৈঠকে বসেন। পরে গভীর রাতে এক সাংবাদিক সম্মেলনে আন্দোলনকারীদের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয় যে তাদের তরফ থেকে আলোচনার পথ সব সময় খোলা রয়েছে। যত দ্রুত এর সমাধান করা যায় তাঁরা সেটাই চান।

জুনিয়র ডাক্তাররা এও বলেন সুপ্রিম কোর্টের শুনানি থেকেই বোঝা গিয়েছে তাদের দাবি কতটা ন্যায়সঙ্গত। দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। তাঁরা স্বাস্থ্য ভবনের সামনেই থাকবেন।

আন্দোলনকারী ডাক্তারেরা আরও জানান, তাদের আন্দোলন আর পাঁচ দফা দাবির স্বচ্ছতা বহু অগ্নিপরীক্ষার সম্মুখীন হয়েছে। রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে এই আন্দোলন কে ব্যবহারের চেষ্টা, তাদের মধ্যে বিভেদ সৃষ্টি করা ও আন্দোলনকে কালিমালিপ্ত করার চেষ্টা হয়েছে বারবার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজির সঙ্গে দীর্ঘ আলোচনার পর তাদের পাঁচদফা দাবির আংশিক কয়েকটি পূরণও হয়েছে। কিন্তু তাদের চতুর্থ এবং পঞ্চম দফা এবং স্বাস্থ্য সচিবকে নিয়ে যে দাবি ছিল তা নিয়ে তাঁরা ফের আলোচনায় বসতে চান বলে চিকিৎসকেরা জানিয়েছেন। এ জন্যে সকালের মধ্যে লিখিত দাবিপত্র পাঠানো হবে রাজ্য সরকারের কাছে। তাঁরা কাজে ফিরতে চান, এবং অতি দ্রুততার সঙ্গে এই অচলাবস্থা কাটুক সেটাও তাদের কাম্য বলে আন্দোলনকারীরা স্পষ্ট উল্লেখ করেন।

স্বাস্থ্য ভবনের সামনে ধর্না অবস্থানরত জুনিয়র চিকিৎসকদের তরফে ডাক্তার অনিকেত মাহাত সাংবাদিকদের বলেন-

( বাইট- অনিকেত মাহাতো )

*******************

পশ্চিমবঙ্গ জুনিয়র ডক্টর্স ফ্রন্টের পক্ষ থেকে রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন এবং ছাত্র সংসদ গঠন করারও দাবী জানানো হয়েছে। নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে এই রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন এবং ছাত্র সংসদের প্রতিনিধি চয়ন করার পক্ষে জোরাল সওয়াল করে তাঁরা বলেছেন, আর জি করের মতো ঘটনা ভবিষ্যতে যাতে আর না হয় সেই জন্যই এই পদক্ষেপ প্রয়োজন। তাঁরা বলেন এই নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে বেশ কিছুক্ষণ আলোচনাও হয় কিন্তু কোনও সিদ্ধান্তে আসা যায়নি।

উল্লেখ্য, আর জি করের ঘটনার প্রতিবাদে ও ন্যায় বিচারের দাবিতে জুনিয়র চিকিৎসকদের আন্দোলন ৩৯ দিন পেরিয়েছে।

অন্যদিকে স্বাস্থ্য ভবনের সামনে তাদের ধর্না অবস্থান চলেছে ৮ দিন। ১০ ই সেপ্টেম্বর স্বাস্থ্য ভবন সাফাই অভিযানে সামিল হওয়ার সময় বাধা প্রাপ্ত হলে, জুনিয়ার ডাক্তাররা সেখানেই বসে এই বিক্ষোভ অবস্থান শুরু করেন।

*******************

কলকাতার নতুন পুলিশ কমিশনার হলেন মনোজ ভার্মা। আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের দাবি মেনে সরানো হয়েছে কলকাতা পুলিশের ডি সি নর্থ অভিষেক গুপ্তাকেও। ১৯৯৮ ব্যাচের আইপিএস অফিসার মনোজ ভার্মা এডিজি (আইন শৃঙ্খলা) পদে ছিলেন। নতুন এ ডি জি (আইনশৃঙ্খলা ) হয়েছেন জাভেদ শামীম। পুলিশ কমিশনার পদ থেকে বিনীত গোয়েলকে পাঠানো হয়েছে ADG (STF) পদে।

মনোজ ভার্মা এর আগে কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার, ডিসি ডিডি (স্পেশাল) ও ডিসি ডিডি (ট্রাফিকের) দায়িত্বও সামলেছেন।

ডি সি নর্থ অভিষেক গুপ্তাকে করা হয়েছে (ইএফআর) সেকেন্ড ব্যাটেলিয়নের সিও। নতুন ডি সি নর্থ হয়েছেন দীপক সরকার। তিনি ছিলেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডিসি পূর্ব।

স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের এক বিজ্ঞপ্তিতে গতকাল এই নির্দেশ দেওয়া হয়। অথর্ব ত্রিপুরারি, ডিরেক্টরেট অফ ইকোনমিক অফেন্স-এর নতুন অধিকর্তা হয়েছেন। তিনি এডিজি আইবি পদে ছিলেন। এই পদের দায়িত্ব পেয়েছেন জ্ঞানবন্ত সিং।

আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের দাবি মেনে রাজ্য সরকার স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকেও সরিয়ে দিয়েছে। নতুন ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা হয়েছেন ডাঃ স্বপন সরেন। তিনি ছিলেন যুগ্ম স্বাস্থ্য অধিকর্তা। বর্তমান স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবাশিস হালদারকে স্বাস্থ্য ভবনে জনস্বাস্থ্য বিভাগের OSD করা হয়েছে।

স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডাঃ সুপর্না দত্ত হয়েছেন স্বাস্থ্য শিক্ষা বিভাগের ওএসডি। বর্তমান স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা কৌস্তভ নায়েককে পাঠানো হয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যান ইন্সটিটিউটের অধিকর্তা পদে।

*******************

RG Kar-এ চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মন্ডলকে শিয়ালদা বিশেষ আদালত, আরও তিনদিনের জন্য CBI হেফাজতে পাঠিয়েছে। জেরায় তারা সদুত্তর দিচ্ছেন না বলে কেন্দ্রীয় সংস্থার পক্ষ থেকে জানানো হয়। চিকিৎসক ছাত্রীর দেহ উদ্ধারের দিন গত ৯-ই আগস্ট সন্দীপ ও অভিজিতের মধ্যে মোবাইলে বারবার কথা হয়েছিল বলেও জানান CBI-এর আইনজীবী। এরপরই তাদের আরও তিনদিনের জন্য হেফাজতে চেয়ে তাঁর আবেদন মঞ্জুর করে আদালত।

এদিকে, গতকালও সন্দীপ ও অভিজিৎকে দেখে আদালত চত্ত্বরে ভীড় করে থাকা মানুষজন শ্লোগান দিতে থাকেন। জুতোও দেখানো হয়।

অন্যদিকে, টালা থানার অতিরিক্ত ওসিকে আজ সিজিও কমপ্লেক্সে তলব করা হয়। দীর্ঘক্ষণ তাঁকে জিজ্ঞাসাবাদ করেন সিবিআই-এর তদন্তকারীরা।

*******************

RG Kar-এর ঘটনার প্রতিবাদে বিজেপি আজ থেকে সারা রাজ্যে পথসভা করবে। কলকাতায় দলের ধর্না অবস্থানের শেষ দিনে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানান, পয়লা অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রতিটি পুরসভা ও পঞ্চায়েত এলাকায় পথসভা করে আরজিকরের ঘটনার বিষয়ে মানুষকে জানানো হবে। পাশাপাশি মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ থেকে রাজ্যের মানুষের সই ও সংগ্রহ করা হবে। প্রায় এক কোটি স্বাক্ষর সংগ্রহ করে সেই সই নিয়ে দলের সাংসদ ও বিধায়করা রাজ্যপালের কাছে জমা দেবেন।

এরপর এ'মাসের ২৩ তারিখ দলের মহিলা নেত্রীরা রাজ্যব্যাপী থানা 'সাফাই অভিযান' করবে। এছাড়া প্রতিটি স্টেশনে মাইকে এই ঘটনার বিষয়ে মানুষকে জানানো হবে। তারপর ২৫'তারিখে হাজরা মোড়ে জনসভা করা হবে। এর জন্য পুলিশের কাছে অনুমতি চাওয়া হয়েছে। তা না পাওয়া গেলে বিজেপি আদালতের দ্বারস্থ হবে।

*******************

দিনে দুপুরে চলন্ত বাসে উঠে ধারালো অস্ত্র দিয়ে কিশোরীকে গলা কেটে খুনের ঘটনায় যাত্রীদের মধ্যে তীব্র আতঙ্কের সৃষ্টি হয় পূর্ব বর্ধমানের কেতুগ্রামের কুমোরপুরে। গতকাল দুপুর ২ টো নাগাদ বাবু শেখ নামে এক যুবক আচমকা বাসে উঠে বছর ১৫-র ওই কিশোরীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে পালিয়ে যায়।
কাটোয়া ডিডিসি গার্লস হাইস্কুলের অষ্টম শ্রেণীর ছাত্রীটি কাটোয়া থানার হরিপুর গ্রামের বাসিন্দা। দুদিন আগে কেতুগ্রামের আন্না গ্রামে মাসির বাড়িতে বেড়াতে গিয়েছিল সে। মাসি ও তার ছেলের সঙ্গে মেয়েটি বাড়ি ফিরছিল। বাসেই মৃত্যু হয় কিশোরীর। কেতুগ্রাম থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশ অভিযুক্ত যুবককে গ্রেপ্তার করেছে।

*******************

নিম্নচাপের প্রভাবে একটানা বৃষ্টি এবং ডিভিসি-র ছাড়া জলে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। DVC মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছাড়ায় দক্ষিণবঙ্গের বেশকিছু এলাকা বানভাসী হওয়ার আশঙ্কা।

মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় গতকাল নবান্নে সাংবাদিকদের জানান, হাওড়া, হুগলী, বীরভূম, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া ও দুই বর্ধমান জেলার প্লাবিত এলাকায় ত্রাণ ও উদ্ধারের কাজে নজরদারি এবং সমন্বয়ের দায়িত্ব দেওয়া হয়েছে প্রধান সচিব পর্যায়ের ১০ জন IAS আধিকারিককে। জেলায় গিয়ে পরিস্থিতি মোকাবিলা করবেন তারা। পরিস্থিতি পর্যালোচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নিচু এলাকাগুলি থেকে মানুষজনকে সরিয়ে আনতে বলা হয়েছে। প্রস্তুত থাকতে বলা হয়েছে জেলাশাসকদের।

( বাইট- আলাপন )

এদিকে, পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার বন্যা পরিস্থিতি আরো ভয়াবহ আকার ধারণ করেছে। গতকাল গভীর রাতে ঘাটালের দাসপুর এক নম্বর ব্লকের হোসেনপুর ভুইঞা পাড়া এলাকায় কংসাবতী নদীর বাঁধ ভেঙে যায়। ফলে রাজনগর গ্রাম পঞ্চায়েতের বহু গ্রাম প্লাবিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। কর্মীজর এলাকাতে কাঁসাই-এর জল এবং আরো বেশ কয়েকটি জায়গায় শিলাবতী নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- ( ভিসি- সব্যসাচী)

*******************

রাজ্যে সাম্প্রতিক অতিবর্ষণ এবং আসন্ন উৎসবের মরশুমকে সামনে রেখে শাকসবজির কৃত্রিম মূল্যবৃদ্ধি আটকাতে রাজ্য সরকার সচেষ্ট হচ্ছে। এজন্য রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট বিভাগ ও পুলিশকে বাজারে নিয়মিত নজরদারি করার নির্দেশ দেওয়া হয়েছে। পরিস্থিতির সুযোগে নিয়ে ফড়েরা যাতে সক্রিয় না হয়ে উঠতে পারে তা দেখতে বলা হয়েছে। আনাজপাতি সহ নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর বাজারদর পর্যালোচনা করতে মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল বৈঠকে বসেন। সংশ্লিষ্ট সমস্ত দফতরের মন্ত্রী, সচিব সহ শীর্ষ আধিকারিক

ব্যবসায়ী সংগঠন, হিমঘর মালিক প্রতিনিধি ও সরকারের গঠিত টাস্ক কোর্সের প্রতিনিধিরা বৈঠকে উপস্থিত ছিলেন। হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার জেলাশাসক ও পুলিশ সুপাররাও ভার্চুয়াল মাধ্যমে বৈঠকে যোগ দেন।

সাম্প্রতিক দুর্যোগের জেরে ফসলের ক্ষতি হয়েছে কিনা এবং তার প্রভাব আগামী দিনে বাজারদরে পড়তে পারে কিনা সে বিষয়টিও বৈঠকে আলোচনা হয়।

সরকারি টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে জানিয়েছেন, এখনো পর্যন্ত সব্জির দাম নিয়ন্ত্রণে রয়েছে। অতিবৃষ্টির জেরে সব্জির কোনও ক্ষতি হয়েছে কি-না তার খোঁজ নেওয়া হচ্ছে। তবে পেঁয়াজের আমদানি কমে যাওয়ায় খুচরো বাজারে দাম বেড়ে গেছে। এমত অবস্থায় সুফল বাংলা স্টল গুলি থেকে সুলভে মানুষকে পেঁয়াজ সরবরাহ করার নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যে বর্তমানে ৬২৪ টি সুফল বাংলা স্টল রয়েছে। পুজোর আগে স্টলের সংখ্যা আরও বাড়াতে বলা হয়েছে। ভ্রাম্যমান স্টলের মাধ্যমে পাড়ায় পাড়ায় গিয়ে সুলভে সবজি বিক্রি করা হবে। টাস্ক ফোর্সকেও নিয়মিত বাজার পরিদর্শন করতে বলা হয়েছে।

*******************

মোহনবাগান সুপার জায়ান্ট আজ এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু-র গ্রুপ ম্যাচে, তাজিকিস্তানের এফ সি রাভেশানের বিরূদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

************************************************************